

যুগান্তর

প্রিন্ট: ২১ জুন ২০২৫, ১২:৫৯ পিএম

শিক্ষাঙ্গন

স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা জাতীয়করণ না হলে কঠোর হুঁশিয়ারি



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৭ জুন ২০২৫, ১০:২৫ পিএম



স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণ না হলে কঠোর কর্মসূচির হুঁশিয়ারি দিয়েছেন শিক্ষক নেতারা।

মঙ্গলবার রাজধানীর জাতীয় প্রেস ক্লাবে আলোচনা সভায় ওই হুঁশিয়ারি দেন স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক ঐক্যজোট আন্দোলন বাস্তবায়ন কমিটির নেতারা। আগামী বাজেটে ৭২৮ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখায় বর্তমান সরকারকে অভিনন্দন জানান তারা।

স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক ঐক্যজোটের চেয়ারম্যান কাজী মোখলেছুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন- স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক ঐক্যজোটের মুখ্যপাত্র এসএম জয়নাল আবেদীন জিহাদী, ঐক্যজোটের মহাসচিব মো. সামসুল আলম, শিক্ষক সমিতির মহাসচিব মো. তাজুল ইসলাম ফরাজী, মো. আলাউদ্দিন খন্দকার, মাওলানা মো. জহুরুল আলম, আন্দোলন বাস্তবায়ন কমিটির আহ্বায়ক মো. সামসুল আলম, সদস্য সচিব মাওলানা আল-আমিন, সদস্য মো. খোরশেদ আলম, মো. নুরুল আমীন, আব্দুর রহমান শাহজাহান, মোওলানা আ. সান্তার, মাওলানা মো. আব্দুল হান্নান, মাওলানা মো. শামসুল হক আনসারী, মো. এজাজ কায়েস, মো. মনিরুজ্জামান, মো. মজিবুর রহমান, মাওলানা মো. সাইফুল ইসলাম, নুরুন্নবী আলী, ফেরদৌস আলম, মো. সরোয়ার হোসেন, মাওলানা আলাউদ্দিন খান, মো. সোয়েব, ডাক্তার সাইফুল, ফয়সাল আহমেদ, মো. মিজানুর রহমান প্রমুখ।

বক্তারা বলেন, বিগত ৪০ বছর থেকে স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা বঞ্চনা ও বৈষম্যের শিকার হয়ে আসছেন। দীর্ঘদিন থেকে তারা বেতনবিহীন শিক্ষার্থীদের পাঠদান করে আসলেও সরকার তাদের প্রতি বৈষম্য চালু রেখেছে। তাই অনুদানভুক্ত ও অনুদানবিহীন সব স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা প্রাথমিক বিদ্যালয়ের ন্যায় জাতীয়করণের মাধ্যমে স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার নীতিমালা-২০২৫ দ্রুত বাস্তবায়ন করতে হবে।

স্বীকৃতিপ্রাপ্ত কোডবিহীন স্বতন্ত্র ইবতেদায়িকে মাদ্রাসা বোর্ডের কোডের অন্তর্ভুক্ত করার কার্যকর ব্যবস্থাসহ স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার পাঠদানের অনুমতির স্থগিতাদেশ ২০০৮ প্রত্যাহার করে প্রাথমিক বিদ্যালয়ের ন্যায় স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসায় প্রাক-প্রাথমিক পদ সৃষ্টি করার জন্য শিক্ষা

মন্ত্রণালয়কে উদ্যোগ নিতে হবে। প্রাথমিক বিদ্যালয়ের অধিদপ্তরের ন্যায় স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার জন্য আলাদা অধিদপ্তর স্থাপনকরণের ওপর গুরুত্ব আরোপ করেন তারা।

আগামী ১৫ আগস্টের মধ্যে স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসাসমূহ জাতীয়করণসহ দাবি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা না হলে স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষক ঐক্যজোট আন্দোলন বাস্তবায়ন কমিটির উদ্যোগে দেশের সব শিক্ষক-শিক্ষিকাদের নিয়ে আগামী ১৭ আগস্ট থেকে জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান ধর্মঘটসহ কঠোর কর্মসূচি পালন করার ইঁশিয়ারি দেন শিক্ষক নেতারা।